

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫৪১

তারিখ: ৮ কার্তিক ১৪২৮

২৪ অক্টোবর ২০২১

বিষয়: ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন মাফরুহীন খান চৌধুরী উচ্চ বালিকা বিদ্যালয় এর
নিম্নমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদানের জন্য পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতির
অনুমতি প্রদানের জন্য আবেদন করা হয়েছে:

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	মাফরুহীন খান চৌধুরী উচ্চ বালিকা বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ।	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের লক্ষ্যে
সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে নির্ধারিত ছক মোতাবেক মতামতসহ প্রতিবেদন
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমির নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (২) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের
১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তি নামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক)
সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটি/ গভর্নিংবডির সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের
সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) নিম্ন মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক
শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); ও
- (৪) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল ঠিকানা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২৪-১০-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০


চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫৪১/১(৫)

তারিখ: ৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) প্রধান শিক্ষক, মাফরুহীন খান চৌধুরী উচ্চ বালিকা বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১০-২০২১

আনোয়ারুল হক
উপসচিব